



নং-২৫.৪০.০০০০.০০১.১১.১৭২.২১.১৯.১৯২

তারিখঃ ২০/০৩/২০২৪ খ্রি:

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ১৮/০৫/২০২৩ খ্রি: তারিখের ২৫.৪০.০০০০.০০১.১১.১৭২.২১.৩৫০ নং নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ পরীক্ষা, ২০২৩ এর আওতায় গত ০৬/১০/২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষা, ০৭/১০/২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত ব্যবহারিক পরীক্ষা ও ০৮/১০/২০২৩ এবং ০৯/১০/২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ১৪ ক্যাটাগরির ২৩টি শূন্য পদে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা গত ১০/১০/২০২৩ খ্রি: তারিখের ২৫.৪০.০০০০.০০১.১১.১৭২.২১.৭১৯ নং বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হয়। নিয়োগ পরীক্ষায় চূড়ান্তভাবে নির্বাচিত ২৩জন কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত ২২/১০/২০২৩ খ্রি: তারিখে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষে যোগদান করেন। পরবর্তীতে নবনিয়োগকৃত ২৩জন কর্মকর্তা/কর্মচারীর মধ্যে “কার্য-সহকারী” পদে যোগদানকৃত জনাব মোঃ আব্দুল জলিল গত ০৫/০২/২০২৪ খ্রি: তারিখে স্বেচ্ছায় ইস্তফা প্রদান করায় এবং তার ইস্তফাপত্রটি কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭/০৪/২০২৩ খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৬.২২.৯৬ নং পরিপত্রে মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীন সরকারি দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিভিন্ন কর্পোরেশনের চাকরিতে ১৩-২০ গ্রেডের পদে কর্মচারী নিয়োগে অপেক্ষমাণ তালিকা হতে নিয়োগের নির্দেশনার পরিপ্রেক্ষিতে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ১ম শ্রেণী, ২য় শ্রেণী, ৩য় শ্রেণী ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীবৃন্দের নিয়োগ, আত্মীকরণ, পদোন্নতি, টাইমস্কেল ও সিলেকশন গ্রেড কমিটির গত ১৩/০৩/২০২৪ খ্রি: তারিখের সভার কার্যবিবরণীর ১নং সিদ্ধান্তের আলোকে “কার্য-সহকারী” পদটি শূন্য হওয়ায় রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ পরীক্ষা, ২০২৩ এর মেধা ও যোগ্যতার বিচারে অপেক্ষমাণ তালিকার ১ম ক্রমিকের ব্যক্তিকে “কার্য-সহকারী” পদে নিয়োগের নিমিত্ত তার নাম ও রোল নম্বর প্রকাশ করা হলো।

পদের নাম: কার্য সহকারী

ক্রমিক	রোল নম্বর	প্রার্থীর নাম
১	১০০৬১	মোঃ কামরুজ্জামান

(আবু হায়াত মোঃ কামরুজ্জামান) (স্বাক্ষর)

প্রধান নির্বাহী কর্মকর্তা

ও

সদস্য সচিব

কর্মকর্তা/কর্মচারী নিয়োগ কমিটি

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

ফোন: ০২৫৮৮৮৭৯২৩৭

ই-মেইল: rdarajshahi@gmail.com

অনুলিপি সদয় অবগতি/জবগতি ও কার্যার্থে:

১. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল, রাজশাহী ও সদস্য, নিয়োগ কমিটি, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
৩. উপসচিব, বাজেট শাখা-৪, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সদস্য, নিয়োগ কমিটি, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ও সদস্য, নিয়োগ কমিটি, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
৫. প্রশাসনিক কর্মকর্তা (ভা:), রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ। তাকে বিজ্ঞপ্তিটি অদ্যই এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধ করা হলো।
৬. পি,এ-টু চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. নোটিশ বোর্ড, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
৮. অফিস কপি।